শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

প্রতারক যাকোব

লেখক: Edward Hughes

চিত্রাংকন: M. Maillot; Lazarus; Alastair Paterson

অভিযোজন: M. Kerr; Sarah S.

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল

www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc

স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।



ঈশ্বর কি কখনও তোমাদের পরিবারে সন্তান পাঠিয়েছেন? এটা কত আনন্দদায়ক। ইসহাক ও রেবেকা অবশ্যই অতিরিক্ত আনন্দ পেয়েছিল। ঈশ্বর তাদের এক যমজ সন্তান দিতে চলেছেন।


প্রার্থনা করার সময় রেবেকার গর্ভে সন্তান নড়ে উঠল। ঈশ্বর তাকে বললেন, তার দুই সন্তান দুই জাতিকে নেতৃত্ব দেবে এবং ছোট হবে মহান। সাধারণত প্রথমজাত মহান হয়। অবশেষে তার সন্তানেরা জন্মগ্রহণ করল।
3

সেই যমজ সন্তানেরা দেখতে একরকম ছিল না। বড় ছেলে এষৌর শরীরে অনেক লোম ছিল; আর সে দক্ষ শিকারি ছিল। আর যাকোব ছিল মোলায়েম এবং সে ঘরে থাকতে ভালোবাসত। পিতা ইসহাক, এষৌকে ভালোবাসত। আর মা যাকোবকে পছন্দ করত।
4


একদিন এষৌর খুব খিদে পেল। সে যাকোবকে বলল, “আমাকে খেতে দাও।” যাকোব আদেশ সহকারে বলল, “তোমার জন্ম অধিকার আমাকে বিক্রী কর।” প্রথমজাত সন্তান হওয়াতে এষৌ, ঈশ্বরের পাওয়া প্রতিজ্ঞাগুলি ভ্রূক্ষেপ করত না। সে যাকোবের সাথে একটা চুক্তি করল। বাবার মৃত্যুর পর যাকোব পরিবারের কর্তা হয়ে উঠল।
5

এক রাতে ঈশ্বর ইসহাকের সাথে কথা বললেন।“আমি তোমার পিতা অব্রাহামের ঈশ্বর, আমি তোমার সঙ্গে আছি, আমি তোমার বংশধরকে আশীর্বাদ করব।” যদিও ইসহাক ঈশ্বরের উপাসনা করত, কিন্তু তার পুত্র এষৌ হিত্তীয় গোষ্ঠীর দুই মেয়েকে বিয়ে করল। হিত্তীয়রা ঈশ্বরের তোয়াক্কা করত না।
6


ইসহাকের বয়স হল, তিনি এষৌকে বললেন, “কিছু মাংস নিয়ে এস, তাহলে আমি তোমাকে আশীর্বাদ করব।” এই বিশেষ আশীর্বাদ শুধু পিতা থেক তার প্রথমজাত সন্তানকে দেওয়া হত। এষৌ শিকারের উদ্দেশ্যে বেরিয়ে পড়ল। কিন্তু রেবেকা সব শুনেছিল। সে চাইত, যেন যাকোব আশীর্বাদপ্রাপ্ত হয়।
7


রেবেকার একটি পরিকল্পনা ছিল। ইসহাক যেরকম পছন্দ করত, খুব শীঘ্র সে সেইরকম রান্না করল। যাকোব, এষৌর কাপড় পরে নিল এবং পশুর লোমজাতীয় চামড়া হাতে ও গলায় পরে নিল। ইসহাক চোখে দেখতে পেত না। বোধহয় সেইজন্য তারা তাকে ঠকাতে পেরেছিল।
8


যাকোব, ইসহাকের কাছে খাবার নিয়ে এল। ইসহাক বলল, “তোমায় মনে হচ্ছে এষৌর মতো, কিন্তু তোমার গলার আওয়াজ যেন যাকোবের মতো।” খাওয়া হয়ে যাবার পর ইসহাক তার সন্তানকে আশীর্বাদ করল।
9


যাকোবের বের হওয়ার সাথে সাথে, এষৌ ইসহাকের কাছে এল। সে বলল, “এখানে তোমার খাবার।” ইসহাক বুঝতে পারল যে, সে ঠকেছে। “তিনি দুঃখিত হয় বললেন,” আমি আমার আশীর্বাদ বদলাতে পারব না। এষৌর হৃদয় ঘৃণাতে পরিপূর্ণ হল। সে যাকোবকে হত্যা করার পরিকল্পনা করল।
10


রেবেকা, এষৌর হুঙ্কার শুনতে পেল। সে যাকোবকে বলল, “তুমি তোমার মামার বাড়িতে যাও, তুমি যা করেছ, যতদিন না তোমার ভাই তা ভুলে যায়, ততদিন সেখানে থাক।” ইসহাকের মত ছিল এই যে, যাকোবের জন্য তার মায়ের পরিবার থেকে মেয়ে খোঁজা হোক, সুতরাং যাকোব ঘর ছাড়ল।
11

সেই রাতে পাথরকে বালিশ বানিয়ে যাকোব ঘুমাচ্ছিল। একা থাকার জন্য হয়তো সে ভীত ছিল। কিন্তু সে একা ছিল না। ঈশ্বর এক আশ্চর্য স্বপ্নের মাধ্যমে তার সঙ্গে কথা বললেন।
12


“আমি তোমার বাবা অব্রাহামের ও ইসহাকের ঈশ্বর। আমি তোমার সঙ্গে আছি। আমি তোমাকে এই দেশ দেব। তোমার পরিবার দ্বারা সমস্ত পরিবার এই পৃথিবীতে আশীর্বদপ্রাপ্ত হবে।” ঈশ্বর এই কথা বলার পর যাকোব উঠল। সে ভয় পেয়েছিল।
13


যাকোবের মামা তাকে স্বাগত জানাল। যাকোব তার মামার মেয়ে রাহেলকে ভালোবাসত ও তাকে বিয়ে করার জন্য সে সাত বছর তার মামার কাছে কাজ করে। কিন্তু বিয়ের রাতে তার মামা লাবন তাকে ঠকায়।
14

যাকোব অভিযোগ করল, "এ তো লেয়া, রাহেল নয়; আপনি আমাকে ঠকিয়েছেন।" লাবন বলল, "প্রথমে বড়ো মেয়ের সাথে বিয়ে হওয়া উচিত। রাহেলকে বিয়ে কর এবং আরও সাত বছর আমার কাছে কাজ কর।" যাকোব রাজি হয়ে গেল, বোধহয় তার সেই চালাকির কথা মনে পড়েছিল, যেটা সে ইসহাক আর এষৌর সঙ্গে করেছিল।

15

যাকোবের এগারোটা ছেলে ছিল। যেমন বছর গড়াতে লাগল, যাকোব তার পরিবারকে কনান দেশে নিয়ে যাওয়ার ইচ্ছা প্রকাশ করল। তার বাবা-মা ঐখানে থাকত, কিন্তু এষৌর কী হয়েছিল, যে তাকে মারার প্রতিজ্ঞা করেছিল? সেখানে ফিরে যাওয়া কি সুরক্ষিত ছিল? একদিন ঈশ্বর তাকে ফিরে যাওয়ার কথা বললেন। বাড়িতে ফেরার জন্য যাকোব তার পরিবার ও পশুপাল একত্রিত করল।



16

এ এক দারুণ যাত্রা ছিল। এষৌ চারশো লোকজন নিয়ে যাকোবের সাথে দেখা করতে এসেছিল। কিন্তু সে যাকোবকে কোনও আঘাত করেনি। সে যাকোবকে দেখার জন্য দৌড়াল ও তাকে জড়িয়ে ধরল। যাকোব ও এষৌ আবার বন্ধুত্বে পরিণত হল এবং যাকোব নির্ভয়ে ঘরে পৌঁছাল।



17

প্রতারক যাকোব

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ২৫-৩৩

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

18

সমাপ্ত

6 60

19

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে বিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬

20